১০৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ...18 JUN 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ৪

# বরগুনা জেলায় ১৯৯টি প্রাথমিক বিদ্যালয় সরকারীকরণের অপেক্ষায়

বরগুনা সংবাদদাতা ॥ বরগুনা জেলার ৫টি থানার ১শ' ৯৯টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় দীর্ঘদিন ধরিয়া সরকারীকরণের অপেক্ষায় রহিয়াছে। ঐ সমস্ত বিদ্যালয়ে প্রায় ৮ শত শিক্ষক বছরের পর বছর ধরিয়া প্রায় বিনা পারিশ্রমিকে ছাত্র-ছাত্রীদের পাঠদান করিয়া আসিতেছেন। তাহাদের একমাত্র আশা বিদ্যালয় সরকারীকরণের পর তাহাদের দুঃখ-দুর্দশার অবসান হইবে এবং পরিবার-পরিজন নিয়া কিছুটা শান্তিতে বসবাস করিতে পারিবে। জেলা প্রাথমিক শিক্ষা দপ্তর সূত্রে জানা যায়, জেলায় ১শ' ১৬টি রেজিস্ট্রেশন প্রাপ্ত ও ৮৩টি রেজিস্ট্রেশনবিহীন প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে। এই সমস্ত বিদ্যালয়ে ৩৪ সহস্রাধিক ছাত্র-ছাত্রী শিক্ষা গ্রহণ করিতেছে। রেজিস্ট্রেশনপ্রাপ্ত বিদ্যালয়সমূহের শিক্ষকগণ প্রতিমাসে সরকার হইতে শুধুমাত্র নির্ধারিত ৫শত টাকা পাইয়া থাকেন। রেজিস্ট্রেশনবিহীন বিদ্যালয়সমূহের শিক্ষকগণ ইহা হইতেও বঞ্চিত হইতেছেন। সরকারীকরণের মন্থর প্রক্রিয়ার কারণে তাহাদের মনে হতাশা বিরাজ করিতেছে। অপরদিকে অধিকাংশ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে বর্তমানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নাই। জরাজীর্ণ ভবন, আসবাবপত্র, বেঞ্চ-টেবিল, চেয়ার, শিক্ষা উপকরণের অভাব ইত্যাদি কারণে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হইতেছে। ঘূর্ণিঝড় বা বন্যায় বিধ্বস্ত বিদ্যালয় ভবনগুলি স্থানীয় উদ্যোগ ও অর্থাভাবে মেরামত করা সম্ভব হইতেছে না। ঐ সমস্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা কাহারো বৈঠকখানায়, খোলা আকাশের নীচে কিংবা গাছতলায় বসিয়া লেখাপড়া করিতেছে। অধিকাংশ বিদ্যালয়ে খাবার পানি, শৌচাগার ও খেলার মাঠের ব্যবস্থা নাই বলিলেই চলে। ইহাছাড়া জেলার ৩শত ৭৯টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৬২টি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রহিয়াছে। ইহার মধ্যে প্রধান শিক্ষকের পদ ৩৪টি এবং সহকারী শিক্ষকের পদ ২৮টি।